सत्यमेव जयते

২০১৪-২০১৫ সালের
৫৮ নং দাবির স্বপক্ষে

পশ্চিমবঙ্গ সরকারের
পশ্চিমাঞ্চল উন্নয়ন বিষয়ক দপ্তরের
মাননীয় মন্ত্রী

ডঃ সুকুমার হাঁসদা

কর্তৃক প্রদত্ত
বাজেট বক্তৃতা

মাননীয় স্পীকার মহোদয়,

মাননীয় রাজ্যপালের অনুমোদনক্রমে আমি ৫৮ নং দাবির অন্তর্গত নিম্নের মুখ্য খাতগুলির ২০১৪-২০১৫ সালের ব্যয় নির্বাহের জন্য মোট ২৭৪,৪৯,৩৬,০০০/- (দুই শত চুয়াত্তর কোটি উনপঞ্চাশ লক্ষ ছত্রিশ হাজার) টাকা ব্যয়বরাদ্দ অনুমোদনের জন্য সভায় পেশ করছি।

(ক) ২৫৭৫-আদার স্পেশাল এরিয়াজ প্রোগ্রাম-০২-ব্যাকওয়ার্ড এরিয়াজ -১০১-এরিয়া ডেভলপমেন্ট-এস.পি.-০২৯-পশ্চিমাঞ্চল উন্নয়নপর্ষদ-৩১-গ্রান্টস-ইন-এইড-০২-আদার গ্রান্টস ;

(খ) ২৫৭৫-আদার স্পেশাল এরিয়াজ প্রোগ্রাম-০২-ব্যাকওয়ার্ড এরিয়াজ -৭৮৯-স্পেশাল কমপোনেন্ট প্ল্যান ফর এস.সি.-এস.পি.-০১৩-ডেভলপমেন্ট অব পশ্চিমাঞ্চল উন্নয়ন পর্ষদ-৩১-গ্রান্টস-ইন-এইড-০২-আদার গ্রান্টস ;

(গ) ২৫৭৫-আদার স্পেশাল এরিয়াজ প্রোগ্রাম-০২-ব্যাকওয়ার্ড এরিয়াজ-৭৯৬-ট্রাইবাল এরিয়াজ সাব-প্ল্যান-এস.পি.-০১৩-ডেভলপমেন্ট অব পশ্চিমাঞ্চল উন্নয়ন পর্ষদ-৩১-গ্রান্টস-ইন-এইড-০২-আদার গ্রান্টস ;

(ঘ) ২৫৭৫-আদার স্পেশাল এরিয়াজ প্রোগ্রাম-০২-ব্যাকওয়ার্ড এরিয়াজ-১০১-এরিয়া ডেভলপমেন্ট-এন.পি.-নন-প্ল্যান-০১৭-পশ্চিমাঞ্চল উন্নয়ন পর্ষদ-৩১-গ্রান্টস-ইন-এইড;

(ঙ) ২৫৭৫-আদার স্পেশাল এরিয়াজ প্রোগ্রাম-০২-ব্যাকওয়ার্ড এরিয়াজ-১০১-এরিয়া ডেভলপমেন্ট-এন.পি.-নন-প্ল্যান-০১৬-ডেভলপমেন্ট অব- ঝাড়গ্রাম এরিয়া ;

(চ) ২০৫২-সেক্রেটারিয়েট-জেনারেল সার্ভিসেস-০০-০৯০-সেক্রেটারিয়েট-এন.পি.-৭ নন-প্ল্যান-০২৬-ডিপার্টমেন্ট অব পশ্চিমাঞ্চল উন্নয়ন অ্যাফেয়ার্স ;

(ছ) ৪৫৭৫-ক্যাপিটাল আউটলে অন আদার স্পেশাল এরিয়াজ প্রোগ্রাম-৬০-আদার্স (আর.আই.ডি.এফ.) ।

(২) এই রাজ্যের পশ্চিমাঞ্চলের লাল কাঁকুড়ে মাটিযুক্ত অপেক্ষাকৃত অনুর্বর এলাকার তফশিলী জাতি ও উপজাতি এবং অপেক্ষাকৃত অর্থনৈতিক অনুন্নত মানুষের স্বার্থে ঐ অঞ্চলের সামগ্রিক উন্নয়নের লক্ষ্যে রাজ্যের পাঁচটি জেলার (পশ্চিম মেদিনীপুর, বাঁকুড়া, পুরুলিয়া, বর্ধমান ও বীরভূম) ৭৪ ব্লকের প্রায় এককোটি জনসংখ্যার এলাকা উন্নয়নের জন্য ২০০০ সালের মে মাসে পশ্চিমাঞ্চল উন্নয়ন পর্ষদ গঠন করা হয়েছিল। ২০০৬ সালের ডিসেম্বর মাস থেকে পশ্চিমাঞ্চল উন্নয়ন পর্ষদ পশ্চিমাঞ্চল উন্নয়ন বিষয়ক বিভাগের প্রশাসনিক অধীনে কাজ করছে।

(৩) এখানে পরিষ্কারভাবে উল্লেখ করা যেতে পারে যে, পশ্চিমাঞ্চল উন্নয়ন পর্ষদের অন্তর্গত উপরোক্ত ৭৪ টি ব্লকের উন্নয়নের তদারকির জন্য শুধুমাত্র পশ্চিমাঞ্চল উন্নয়ন বিষয়ক দপ্তরকে সামগ্রিক দায়িত্ব দেওয়া হয়নি। বস্তুত সমস্ত নিয়মিত দপ্তরই ঐ এলাকার উন্নয়নের জন্য নিজ নিজ বিভাগীয় পরিকল্পনা গ্রহণ করেন। এই বিভাগ কেবলমাত্র ঐ এলাকার সার্বিক উন্নয়নের যে ফাঁকফোকরগুলি থেকে যায় সেগুলি পূরণ করার দায়িত্বে রয়েছে। সংশ্লিষ্ট জেলা প্রশাসন, জেলা পরিষদ এবং পঞ্চায়েত সমিতি উপরোক্ত ফাঁকফোকরগুলি পূরণ করার লক্ষ্যে স্থানীয় বিধায়কদের সঙ্গে পরামর্শক্রমে এবং পশ্চিমাঞ্চল উন্নয়ন বিষয়ক দপ্তরের নির্দেশাবলী অনুসরণ করে একটি বার্ষিক কর্ম পরিকল্পনা গ্রহণ করেন। ঐ বার্ষিক কর্মপরিকল্পনা অনুযায়ী পশ্চিমাঞ্চল উন্নয়ন বিষয়ক দপ্তর পশ্চিমাঞ্চল উন্নয়ন পর্ষদের মাধ্যমে পঞ্চায়েত সমিতি, জেলা পরিষদ, জেলা প্রশাসন ব্লক পর্যায় পর্যন্ত এবং বিভিন্ন সংস্থাকে অর্থ মঞ্জুর করে।

(৪) ২০১৩-২০১৪ আর্থিক বছরে মুখ্যখাত "২৫৭৫-আদার স্পেশাল এরিয়াজ প্রোগ্রাম"-এ বাজেট বরাদ্দ হিসাবে মোট ১৮০,০০,০০,০০০/- টাকা ব্যয়ের জন্য মঞ্জুর করা হয়। উক্ত বরাদ্দকৃত অর্থ থেকে একশত বাষট্টি কোটি টাকা অর্থ সি.ই.ও পশ্চিমাঞ্চল উন্নয়ন পর্ষদ, বাঁকুড়া-র অনুকূলে অনুমোদন করা হয়েছিল, পশ্চিমাঞ্চল উন্নয়ন পর্ষদ, পঞ্চায়েত সমিতি, জেলা পরিষদ, বিভিন্ন দপ্তর ও জেলা কর্তৃপক্ষ কর্তৃক বিভিন্ন প্রকল্প রূপায়ণের জন্য।

(৫) ২০১৩-২০১৪ আর্থিক বছরের অর্থে নিম্নলিখিত পশ্চিমাঞ্চল উন্নয়ন পর্ষদের অধীনস্থ পাঁচটি জেলায় প্রকল্পগুলি তৈরী করা হয়েছিল ঃ

জেলা ভিত্তিক প্রকল্পের সংখ্যা

খাত	পশ্চিম মেদিনীপুর	পুরুলিয়া	বাঁকুড়া	বর্ধমান	বীরভূম
সেচ, জল ও ভূমি সংরক্ষণ এবং কৃষি	৪০	১৯	২০	৩২	২৩
শিক্ষা	২৭	০৯	০৬	০৮	০১
স্বাস্থ্য	০৩	০১	০	০	০১
রাস্তা, ছোটো সেতু / কালভার্ট নির্মাণ	১০৪	৩৭	৭৩	১৪	৮১
পানীয় জল	৩১৩	২৫	৩৪৩	৪৪৪	৩২
অঙ্গনওয়াড়ী কেন্দ্র নির্মাণ	০	১৮৩	১৮১	২০০	১১৯
অন্যান্য	৩২	১৮৮	২০১	২০৮	১২৯

(৬) পশ্চিমাঞ্চল উন্নয়ন পর্ষদের অফিসগৃহ নির্মাণের জন্য প্রয়োজনীয় জমি ইতিমধ্যেই ভূমি এবং ভূমিসংস্কার দপ্তর পর্ষদকে হস্তান্তর করেছে। প্রাপ্ত জমিতে পশ্চিমাঞ্চল উন্নয়ন পর্ষদ, বাঁকুড়া অফিসগৃহটি নির্মাণের কাজ শেষ করেছে। ঝাড়গ্রাম, পুরুলিয়া, সিউড়ী, দুর্গাপুরে, মেদিনীপুরে, আঞ্চলিক কার্যালয়ের জন্য সংশ্লিষ্ট জেলাশাসক এবং ভূমি ও ভূমি সংস্কার দপ্তরের সাহায্যে জমি চিহ্নিত করার কাজ চলছে। কোলকাতায় একটি পশ্চিমাঞ্চল উন্নয়ন ভবন নির্মাণের উদ্দেশ্যে হিডকো/ কে.এম.ডি.এ.কে উপযুক্ত জমি চাওয়ার কথা বলা হয়েছে।

(৭) ২০১৪-২০১৫ আর্থিক বছরে পশ্চিমাঞ্চল উন্নয়ন বিষয়ক বিভাগ নিম্নের বিষয়গুলির উপর বিশেষ দৃষ্টি আরোপ করবে ঃ

(ক) সামগ্রিক উন্নয়নের জন্য ২০১৩-২০১৪ আর্থিক বছরের মতো অর্থ অনুমোদন করা হবে, যে কাজগুলি জেলা পরিষদ ও পঞ্চায়েত সমিতিগুলি নিজেরাই রূপায়ণ করবে।

(খ) অঙ্গনওয়াড়ী নির্মাণের লক্ষ্যমাত্রা ধার্য করা হয়েছে ৭০১ টি।

(গ) পুরানো 'মুখোশ শিল্প' কে পুরুলিয়া জেলার চরিদা গ্রামে আর বাঁকুড়া জেলায় টেরাকোটা ও ডোকরা শিল্পকে আবার নতুন করে উন্নত করা হবে।

(ঘ) কর্মসংস্থানের উদ্দেশ্য ইকো-পার্ক, রুরাল-পার্ক ও বায়ো-পার্ক নির্মাণ।

(ঙ) তফশিলী জাতি ও উপজাতি স্ব-নির্ভর গোষ্ঠীগুলির জন্য স্ব-নির্ভর প্রকল্প প্রণয়ন (বাঁশের কাজ, শাল পাতার থালা তৈরী ইত্যাদি)।

(চ) উপজাতিভুক্ত মহিলাদের ক্ষমতায়নের জন্য বৃত্তিমূলক প্রশিক্ষণ এবং ছাত্রীদের যাতায়াতের সুবিধার জন্য সাইকেল প্রদান।

(ছ) পশ্চিমাঞ্চল উন্নয়ন পর্ষদের আঞ্চলিক অফিসগুলিতে কম্প্যুটারাইজেশন করা।

(জ) গ্রামীণ রাস্তা, ছোটো সেতু/কালভার্ট নির্মাণ।

(ঝ) ভূমি ও জল সংরক্ষণ।

(ঞ) স্বাস্থ্য ও শিক্ষা পরিকাঠামো উন্নয়ন।

২০১৪-১৫ আর্থিক বছরে পশ্চিমাঞ্চল উন্নয়ন পর্ষদ এলাকাভুক্ত ৭৪টি ব্লকের প্রতিটিতে একটি করে গ্রামকে 'মডেল গ্রাম' হিসাবে গড়ে তোলা হবে। অর্থ, আবগারি এবং উন্নয়ন ও পরিকল্পনা (২০১৩-২০১৪) দপ্তরের স্থায়ী কমিটি এই দপ্তরের কাজের ও উদ্যোগগুলির ভূয়সী প্রশংসা করেছে।

মহাশয়, এই কথা বলে আমি আগামী ২০১৪-২০১৫ আর্থিক বছরের জন্য ৫৮ নং দাবির মুখ্য খাত "২৫৭৫-আদার স্পেশাল এরিয়াজ প্রোগ্রাম", "২০৫২-সেক্রেটারিয়েট জেনারেল সার্ভিসেস" এবং "৪৫৭৫ - ক্যাপিটাল আউটলে অন স্পেশাল এরিয়াজ প্রোগ্রাম" -এর জন্য মোট ২৭৪,৪৯,৩৬,০০০ /- (দুই শত চুয়াত্তর কোটি উনপঞ্চাশ লক্ষ ছত্রিশ হাজার) টাকা ব্যয়বরাদ্দ অনুমোদনের জন্য সভায় পেশ করছি।

ঃ মুদ্রক ঃ
সরস্বতী প্রেস লিমিটেড
(পশ্চিমবঙ্গ সরকারের উদ্যোগ)
কলকাতা ৭০০ ০৫৬